

পর্বঃ৭

কি বললে?কমলাক্ষ! প্রায় চেটিয়ে উঠল। ঘরে ঢুকেছিল কি? পুলকের ঘরে ঢোকেনি তো?কেমন দেখতে লোকটা?’

দেবুকাকা ভয় পেয়ে বলল,না না,ঘরে ঢোকেনি ,তুমি নেই ঘরে তাই পরে আসতে বলে দিলাম।পল্লবী বাথরুমে ঢুকে ফ্রেশ হয়ে এসে খেয়ে নিয়ে বিছানায় গা এলিয়ে দিল।কে এই লোক?নিজে এসে বলছে ও কমলাক্ষ।সব কিছু আজ এলোমেলো হয়ে যাচ্ছে।অতীত আজ ওকে জাঁকিয়ে বসেছে।ওর মনে পড়ছে হরিসভাতে দুর্গাপূজো হতো খুব জাঁকজমক করে।ওখানে সাক্ষ্য অনুষ্ঠানে নাচ গানে অংশ নিত।কত প্রাইজ পেয়েছিল,মা হয়তো যত্ন করে আজও কাচের শো কেসে সাজিয়ে রেখে দিয়েছে।ছোট ভায়ের প্রতি বাবার তীব্র ভালোবাসা,ওঁর প্রতি অবহেলা বুঁকে বিধেছিল খুব।লাবানের গার্লস স্কুল থেকে পাশ করে লেডি কীন কলেজে ভর্তি হলো।কলেজ জীবনের মধ্যে খুঁজে পেল এক মুক্তির আনন্দ।অন্য মেয়েদের সংগে সাজগোঁজে পেরে উঠতো না যদিও কলেজের সুন্দর পরিবেশ,বাধীনহীন জীবন এক নারীর বিকশিত যৌবনের লহমায় টলমল পদ্মপাতা।কলেজ চত্বরে কত ফুল,বোগানভিলিয়া,জিনিয়া,ফরগেট মি নট,ডালিয়া,গ্লেডিওলাস,ক্রিসেনথিমাম।এই ফুলগুলো সে খুব ভালোবাসে।বাড়িতেও সে টবে অর্কিড,ডালিয়া,ক্রিসেনথিমাম লাগিয়ে রেখেছে।